দৈনিক বাংলা

তারিখ 25 NOV 1991 ... ...
পৃষ্ঠা ... 6 ... কলাম 2 ...

# প্রকৌশল ভার্সিটির পরীক্ষায় অনিশ্চয়তা

বুয়েট রিপোর্টার ঃ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের ১ম পর্বের বাকী পরীক্ষাগুলো নিয়ে অনিশ্চয়তা দেখা দিয়েছে। রোববার বেলা সাড়ে এগারোটার দিকে সর্বদলীয় ছাত্রঐক্য প্রকৌশল বিশ্ববিদ্যালয় শাখা এক মিছিল বের করে এবং মিছিল শেষে অনুষ্ঠিত এক সভায় নেতৃবৃন্দ ঘোষণা করেন, আগামী ২৭ নবেম্বর অনুষ্ঠিতব্য পরীক্ষায় অংশগ্রহণ সম্ভব নয়। তারা ২৭ নবেম্বর ডাঃ মিলন হত্যা দিবসে সকাল নয়টায় শহীদ মিনারের পাদদেশে এক স্মরণ সভার ঘোষণা দেন। নেতৃবৃন্দ ২৭ তারিখের পরীক্ষা আগামী ৭ই ডিসেম্বর অনুষ্ঠানের দাবী জানান।

এদিকে সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক এক বিজ্ঞপ্তির মাধ্যমে জানিয়েছেন, ২৭ তারিখের পরীক্ষা যথাসময়ে অনুষ্ঠিত হবে।

40